উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কীত স্থায়ী কমিটির আগষ্ট/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণীঃ

ক. সভার তারিখঃ ১৪.০৮.২০২৫ খ্রিঃ।
খ. সভার সময়ঃ সকাল ১০:৩০ মিঃ।
গ. সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার মহদেয়ের অফিস কক্ষ, খানসামা, দিনাজপুর।
ঘ. সভার সভাপতিঃ জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হলাঃ

অদ্য- ১৪/০৮/২০২৫ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ মি: ঘটিকায় যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত খানসামা উপজেলার স্থায়ী কমিটির এক সাধারন সভা কমিটির সভাপতি জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর এর সভাপতিত্বে শুরু হয। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সন্মানিত সদস্যবৃন্দদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ সভাকে জানান যুব উন্নয়ন অধিদপ্তর, খানসামা উপজেলা কার্যালয়ের মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। সদস্য সচিব সভাকে বলেন চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে মোট ১৪ টি প্রশিক্ষণ ব্যাচ এর লক্ষমাত্র রয়েছে। ৬টি ইউনিয়নে প্রতিটি ইউনয়নে ০২ টি ব্যাচ করে ১২টি ব্যাচ এবং ০২টি ব্যাচ আশ্রয়ন প্রকল্পে করার পরিকল্পনা রয়েছে। সদস্য সচিব আরো জানান গত ১২ আগস্ত/২০২৫ খ্রিঃ তারিখ যথাযোগ্য মর্যাদায় জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস ২০২৫ উদযাপন করা হয়েছেএবং ঋণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, এবং চলমান আদায়ের হার ৮৮% ।সভায় আরো আলোচনা করেন মোঃ সাজিদ ইসলাম, স্থানীয় যুবক, গোবিন্দপুর খানসামা, দিনাজপুর ও চেয়ারম্যান, ১ নং আলোকঝাড়ী ইউপি, চেয়ারম্যান ২ নং ভেড়ভেড়ী ইউপি প্রমুখ।আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্মের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত : (০১) গত সভার রেজুলেশন কোন প্রকার সংশোধন ছাড়াই অনুমোদন দেয়া হলো।
(০২)যুব ঋণকার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। খেলাপী টাকা আদায়ে এ ধারাবাহিকতা ধরে রাখতে হবে।
বাস্তবায়নেঃ-উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,খানসামা,দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ ও সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/০৮/২৫

( মোঃ কামরুজ্জামান সরকার )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত খানসামা উপজেলার স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।

স্মারক নং- ৩৪.০১.২৭৬০.০০০.০৬.১৭০.১৫- ১৬৫ তারিখ : ১৪.০৮.২০২৫খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো:
০১। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০৩।চেয়ারম্যান, ..................... ইউপি ,( সদস্য, যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রামন্ত খানসামা উপজেলার স্থায়ী কমিটি ) খানসামা, দিনাজপুর।
০৪। মহা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।

( মোঃ আবুল কালাম আজাদ )
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত খানসামা উপজেলার স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।